

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।
Email: rdokhulna@gmail.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/১৩৪৪

তারিখ : ০৬/০৮/২০১৯ খ্রিঃ

প্রাপক,
প্রধান শিক্ষক,
শহীদ হেমায়েত উদ্দিন বালিকা উচ্চ বিদ্যালয়,
মোল্লাহাট, বাগেরহাট।

বিষয়ঃ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার বিশেষ অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠান পরিদর্শন শেষে নিম্ন লিখিত অসংগতি পরিলক্ষিত হয়।

- ১। ব্যবহারিক ক্লাশ সম্পন্ন হয় না এবং শিক্ষকগণ ব্যবহারিক ক্লাশের প্রতি আন্তরিক নন।
- ২। সঠিক ভাবে রুটিন প্রণয়ন করা হয় না।
- ৩। ড্রেস মেকিং ট্রেডের গুরুত্বপূর্ণ কিছু যন্ত্রপাতি (ইন্ডাস্ট্রিয়াল সুইং মেশিন, লক মেশিন, এবং ইন্ডাস্ট্রিয়াল কাটিং মেশিন) কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্তির পর এখনও ব্যবহার করা হয়নি, প্যাকেট বদ্ধ অবস্থায় রয়েছে।
- ৪। শিক্ষকগণ যন্ত্রপাতি সংরক্ষণে আন্তরিক নন এবং শিক্ষকদের উদাসীনতার কারণে যন্ত্রপাতি নষ্ট হয়েছে।
- ৫। একাডেমিক সকল কার্যক্রমে শিক্ষকদের অবহেলা রয়েছে।
- ৬। ফলাফল সন্তোষজনক নয়।
- ৭। ভর্তি কার্যক্রমের সময় কোন প্রকার প্রচার করা হয় না।
- ৮। ব্যবহারিক ক্লাশ নেওয়ার পর্যাপ্ত ওয়ার্কশপ নেই।
- ৯। ল্যাব/শপ সহকারী সার্বক্ষণিক ওয়ার্কশপে থাকেন না।
- ১০। আলাদা ক্যাশবই ও ব্যাংক একাউন্ট নেই।

এমতাবস্থায় আপনার প্রতিষ্ঠানের এমপিও কেনো সাময়িক স্থগিতকরণের সুপারিশ করা হবে না, তার ব্যাখ্যা প্রদানসহ পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে সকল যন্ত্রপাতি ওয়ার্কশপে স্থাপন করে একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২৪/৮/১৯

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।

তারিখ : ০৬/০৮/২০১৯ খ্রিঃ

স্মারক নং- আঞ্চঃ পরিঃ/খুঃ বিঃ/ ১৩৪৪ (৫)

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। পরিচালক (পিআইডরিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা), বাগেরহাট।
- ৪। সভাপতি, ম্যানুয়েজিং কমিটি, শহীদ হেমায়েত উদ্দিন বালিকা উচ্চ বিদ্যালয়।
- ৫। সংরক্ষণ নথি।

২৪/৮/১৯

(অনিমেশ পাল)

আঞ্চলিক পরিচালক (অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
খুলনা বিভাগ, খুলনা-৯০০০।